

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদফতর
জেলা সমাজসেবা কার্যালয়
ফেনী।

www.dss.feni.gov.bd

সভার কার্যবিবরণী

সভার নাম:- কারাগারে আটক শিশু-কিশোরদের অবস্থা উন্নয়নের লক্ষ্যে গঠিত জেলা কমিটির সভা।

সভাপতি:- জনাব মুছাম্মৎ শাহীনা আক্তার, জেলা ম্যাজিস্ট্রেট, ফেনী।

সভার তারিখ ও সময়:- ১০/১২/২০২৩খ্রি., বেলা ১২.০০ ঘটিকা।


স্থানঃ- জেলা প্রশাসক ফেনী এর সম্মেলন কক্ষ।

সভার উপস্থিতি:- পরিশিষ্ট – ক (সংযুক্ত)

সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী ধারাবাহিকভাবে নিম্ন বর্ণিত আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ক্রঃ নং	আলোচ্য বিষয় ও আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	সদস্য সচিব কর্তৃক বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। এতে উপস্থিত সদস্যগণের কোন প্রকার আপত্তি পাওয়া যায়নি।	বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।	উপপরিচালক সমাজসেবা অধিদফতর, ফেনী।
২	কারাগারে আটক শিশু-কিশোরদের অবস্থা ও মুক্তি সংক্রান্ত বিষয়ে জেল সুপার, ফেনী কর্তৃক প্রেরিত নভেম্বর/২০২৩ মাসের প্রতিবেদন পর্যালোচনা করা হয়। প্রতিবেদন অনুযায়ী কারাগারে কোন শিশু-কিশোর আটক নেই। কারাবন্দি মায়ের সাথে ০-৬ বছর বয়সের ০২ জন ছেলে ও ০২ জন মেয়ে শিশু আছে। শিশুদের পরিচর্যার বিষয়ে ব্যাপক আলোচনা হয়।	১। কারাগারে কোন শিশু-কিশোর আনা হলে বিধি মোতাবেক তাদেরকে জরুরী ভিত্তিতে জামিন/ শিশু উন্নয়ন কেন্দ্রে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। ২। মায়ের সাথে অবস্থানকারী শিশুদের যথাযথ পরিচর্যা এবং প্রয়োজন মোতাবেক শিশু খাদ্য সরবরাহের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১। জেল সুপার, ফেনী ২। প্রবেশন কর্মকর্তা, ফেনী।

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


(মুছাম্মৎ শাহীনা আক্তার)
জেলা ম্যাজিস্ট্রেট, ফেনী
ও
সভাপতি

কারাগারে আটক শিশু-কিশোরদের অবস্থা
উন্নয়নের লক্ষ্যে গঠিত জেলা কমিটি, ফেনী।